

মাসুদের স্বপ্ন
দোলাচলে

রাবিতে ভর্তি হলে থেমে যাবে বোনের পড়াশোনা

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুরে হতদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র মাসুদ ইসলাম রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর এখন তাকে কঠিন সিদ্ধান্ত নিতে হবে। সে রাবিতে ভর্তি হলে একাদশ শ্রেণীতে পড়ুয়া তার ছোট বোনের লেখাপড়া বন্ধ করতে হচ্ছে। কারণ দু'জনের লেখাপড়ার খরচ জোগান দেয়া হোটেল শ্রমিক তাদের পিতার পক্ষে সম্ভব নয়। দিনাজপুর শহরের পানিপাড়ার এনায়েতপুর মহল্লায় একটি বুপড়িতে ভাড়া থাকে মাসুদের পরিবার। একমাত্র উপার্জনকর্ম ব্যক্তি মাসুদের পিতা সহিদুল ইসলাম একটি খাবার হোটেলের কর্মচারী। ছেলেমেয়ের লেখাপড়ার খরচ জোগান দিতে মা এক সময় অন্যের বাড়িতে গৃহপরিচারিকার কাজ করতেন। মায়ের অসুস্থতার কারণে এখন পিতাকেই সব খরচ বহন করতে

হয়। কিন্তু সংসারের অন্য সব খরচ মিটিয়ে এখন দুই সন্তানের পড়ার খরচ বৈটানো পিতার পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। পিতার কাছে এই অক্ষমতার কথা শোনার পর মাসুদ ইসলাম এখন ভেঙে পড়েছেন। মাসুদ বলেন, এনজিও থেকে যেটা অঙ্কের কশ নিয়ে তার পিতা দুই জুই-বোনের পড়ালেখার খরচ মিটিয়েছেন পাশাপাশি ঋণের কিস্তি পরিশোধ করেছেন। কিন্তু এখন উচ্চ শিক্ষার খরচ এই পরিবারের পক্ষে চালানো অসম্ভব হয়ে পড়েছে। ফলে টাকার অভাবে এখানেই থেমে যাচ্ছে তার শিক্ষা জীবন। দুই জুই-বোনের লক্ষ্য উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে ভবিষ্যতে নিজেরা প্রতিষ্ঠিত হবে। কিন্তু পরিবারের আর্থিক দৈন্যদশায় এই অর্থহীন মাসুদ সিদ্ধান্ত নিতে পারছে না নিজের লেখাপড়া বন্ধ করবে, নাকি ছোট বোনের পড়ার ইতি টানবে।